



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র (৫ম খন্ড)/২০১৯/২০৬

তারিখঃ ০১ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৪০ তম কমিশন সভা অদ্য ১৬/০৯/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অধ্যকার সভায় AFC Health Ltd. এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১.৭০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৭.০০ (সতের) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও সরঞ্জাম (Machineries & Equipment) ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০ শে জুন, ২০১৯ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৩.১৩ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.৪৭। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ০.৮৪। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Imperial Capital Limited & CAPM Advisory Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা প্রদানে ইচ্ছুক প্রত্যেক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) কে চাঁদা গ্রহণ শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্য দিবস শেষে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যূনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২. কমিশনের এসআরআই বিভাগের প্রতিবেদনে গ্রাহক Mr. Md. Sabuj Hawlader এর অভিযোগের প্রেক্ষিতে) NRB Equity Management Ltd. (Merchant Banker) কর্তৃক নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে :-

(ক) কোম্পানি তাঁর গ্রাহকের এবং তাঁদের সরবরাহকৃত তথ্য ও নথিপত্র উপযুক্তভাবে শনাক্ত ও যাচাই না করেই ২৪৬টি হিসাব খুলে বিধি ২৬(১) of ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ ও Rule 7.3.3 of CDBL bye laws ভঙ্গ করেছে;

(খ) কোম্পানি একটি Omnibus হিসাবের বিপরীতে স্বতন্ত্র বি.ও. হিসাব না খুলে এবং একটি বি.ও. হিসাব নং 1065760061215139 এর বিপরীতে ৩০৭ টি হিসাব পরিচালিত করে BSEC Directive No. এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৪২ তারিখ: ডিসেম্বর ৩০, ২০১২ ভঙ্গ করেছে;

(গ) কোম্পানি তাঁর গ্রাহকের এবং তাঁদের সরবরাহকৃত তথ্য নথিপত্র উপযুক্তভাবে শনাক্ত ও যাচাই না করে ৩০৫ টি হিসাব খুলে বিধি ২৬(১) of ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ ও Rule 7.3.3 of CDBL bye laws ভঙ্গ করেছে;

(ঘ) কোম্পানি একটি Omnibus হিসাব/বি.ও. হিসাব ব্যবহার করে ০২টি হিসাবের বেশী হিসাব হতে আই.পি.ও.তে আবেদনের মাধ্যমে Condition 9 of the consent letter of Aman Cotton Fibrous Limited (ACFL)

চলমান পাতা ১/২

Ruqam

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



and Basundhara paper Mills Limited (BPML) which imposed under 2cc of the securities and Exchange Ordinance, 1969 ভঙ্গ করেছে;

উল্লেখ্য, এসআরআই বিভাগের পরিদর্শন প্রতিবেদনে Mr. Md. Sabuj Hawlader কর্তৃক কোম্পানির কিছু দুর্নীতিগ্রস্ত কর্মকর্তার সহযোগে বেআইনিভাবে হিসাব খোলার বিষয়টি প্রমানিত হয়েছে এবং পরবর্তীতে NRB Equity Management Ltd কর্তৃক হিসাবসমূহ বন্ধ করা হয়েছে। এছাড়াও কোম্পানি Mr. Md. Sabuj Hawlader এর নামে জি.ডি. ও মামলা করেছে যা এখনো বিচারাধীন আছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় NRB Equity Management Ltd কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

অর্পিত জরিমানা পত্র প্রদানের তারিখ হতে ৩০দিনের মধ্যে কমিশনে জমা করতে হবে। অনাদায়ে অন্যান্য আইনানুগ পদক্ষেপের সাথে সনদ বাতিল/স্থগিত করার পদক্ষেপ গ্রহণের নিমিত্তে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তও গৃহীত হয়।

০৩. এছাড়াও কমিশন অদ্যকার সভায় সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে ০৩ (তিন) টি প্রতিষ্ঠানকে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

Muhammad
16-09-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র